গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটর গার্ডেন রোড, ঢাকা।
www.dwa.gov.bd

উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, ময়মনসিংহ পরিদর্শন প্রতিবেদনঃ

আমি গত ২৯/১০/২০২১খ্রিঃ তারিখ সকাল ০১.০০টায় উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, ময়মনসিংহ পরিদর্শন করি। পরিদর্শন কালে উপপরিচালক জনাব ফেরদৌসী বেগমসহ অন্যান্য কর্মকর্তা/কর্মচারী উপস্থিত থেকে পরিদর্শন কাজে সহায়তা করেন। এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভা করেন। উক্ত সভায় উপস্থিত ছিলেন মনোয়ারা ইশরাত, পরিচালক (যুগ্মসচিব), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন কর্মসূচি পরিদর্শন করেন।

০১.জনবল সংক্রান্ত তথ্যঃ

উপপরিচালকের কার্যালয়ের অনুমোদিত জনবল কর্মকর্তা ২ জন, কর্মচারী ১১ জন। উপপরিচালকের কার্যালয়ের ৪টি পদ এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের ৪টি সহ মোট ৮টি অত্র জেলায় অফিস সহায়কের পদ শুন্য রয়েছে এবং স্টোর কিপার কাম- বিক্রয় সহকারী নারয়ণগঞ্জ সদর সংযুক্ত রয়েছেন। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর এর ১টি পদ ঈশ্বরগঞ্জে শুন্য রয়েছে।

সুপারিশ: শুন্য পদ পূরণের জন্য মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এর দৃষ্টি আকর্ষণ করা হলো এবং উক্ত পদসমূহ পূরণের জন্য সদর কার্যালয়, ঢাকার সাথে যোগাযোগ অব্যাহত রাখতে উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ময়মনসিংহকে পরামর্শ দেওয়া হলো।

০২. নিজস্ব ভবন নির্মাণ সংক্রান্তঃ

উপপরিচালকের কার্যালয়ের নিজস্ব ভবন নেই। ভাড়া বাড়ীতে অফিস ও প্রশিক্ষণের কাজ চলছে। ময়মনসিংহ জেলায় মহিলা বিষয়ক অধিদপ্তরের কমপ্লেক্স নির্মাণ প্রকল্পের জন্য ভূমি মন্ত্রণালয় হতে প্রস্তাবিত জমির মূল্যের সংস্থান রেখে ডিপিপি অনুমোদিত হয়। উল্লেখ্য, ময়মনসিংহ সদর উপজেলাধীন চরঈশ্বরদিয়া মৌজার ১নং খাস খতিয়ানভুক্ত ১৩৮১ নং দাগের ০.৩৩ একর খাসজমি অকৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা ৩.০ (ক) অনুচ্ছেদমতে ২০,৯৫,৬০৭/৭০ (বিশ লক্ষ পঁচানব্বই হাজার ছয়শত সাত টাকা সত্তর পয়সা) টাকা সেলামিতে দীর্ঘ মেয়াদী বন্দোবস্ত অনুমোদিত। উপপরিচালকের নিকট জানা যায়, প্রস্তাবিত জমিতে দু'তলা ১টি মসজিদ, ১টি মাদ্রাসা ও ৩৮টি পরিবারের বস্তি রয়েছে।

সুপারিশ: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়ের আওতাধীন শিশু একাডেমির জন্য বরাদ্দকৃত ২৫শতাংশ জায়গা পরিদর্শন করেন। জায়গাটি শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত। উক্ত জায়গায় মহিলা বিষয়ক অধিদপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি ও জাতীয় মহিলা সংস্থার জন্য বহুতল ভবন প্রকল্পের আওতায় এনে নির্মান করার ব্যবস্থা নেয়া যেতে পারে।

৩.ভিজিডি কর্মসূচিঃ

ময়মনসিংহ জেলায় ভিজিডি কার্ড সংখ্যা মোট ৩৫০২৪টি। ২০১৯-২০২০ ভিজিডি চক্রের মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দে শেষ হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরের বরাদ্দ থেকে অক্টোবর ২০২১ পর্যন্ত খাদ্যশস্য বিতরণ সম্পন্ন হয়েছে। ২০২১-২০২২ চক্রের উপকারভোগী মহিলাদের সঞ্চয়ের অর্থ আদায় ও প্রশিক্ষন কার্‌যক্রম জোরদার করার লক্ষ্যে বেসরকারি উন্নয়ন সংস্থা (এনজিও) কার্যএলাকা অনুযায়ী কার্‌যক্রম পরিচালনা করবেন ।

সুপারিশ: ২০২১-২০২২ ভিজিডি চক্রের উপকারভোগীদের মাঝে সঠিক পরিমান খাদ্যশষ্য বিতরণ এবং এনজিও কর্তৃক প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে সুপারভিশন/মনিটরিং করার জন্য উপপরিচালক এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণকে অনুরোধ করা হলো।

৪.দারিদ্র মা’র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচিঃ

এ কর্মসূচি আওতায় ২০২০-২০২১ অর্থ বছরে ময়মনসিংহ জেলায় মোট উপকারভোগীর সংখ্যা ২২৪৯০ জন। ২২৪৯০জন ভাতাভোগীদের স্ব-স্ব নামে ব্যাংক হিসাবে জুলাই/২১ হতে অক্টোবর/২১ পর্যন্ত ৩ মাসের জন প্রতি ২৪০০/- ( দুই হাজার চারশত) টাকা করে ভাতার অর্থ G2P মাধ্যমে প্রদান করা হয়েছে।

সুপারিশ: নতুন সকল ভাতাভোগীদের ডাটাএন্ট্রি দ্রুত সম্পন্ন করতে হবে এবং ডাটাএন্ট্রিকৃত সকল ভাতাভোগী স্ব-স্ব নামে ব্যাংক হিসাবে ভাতার অর্থ G2P মাধ্যমে প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫.কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচিঃ

কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির আওতায় ময়মনসিংহ সিটি কর্পোরেশনে ২২০০ জন, ঈশ্বরগঞ্জ পৌরসভায় ৪৫০ জন, গফরগাঁও পৌরসভায় ৫০০ জন, গৌরীপুর পৌরসভায় ৫০০ জন, ত্রিশাল পৌরসভা ৫০০ জন, নান্দাইল পৌরসভায় ৪৭৫ জন, ফুলপুর পৌরসভায় ৫০০ জন, ফুলবাড়ীয়া পৌরসভায় ৪৭৫জন, ভালুকা পৌরসভায় ৫০০ জন, মুক্তাগাছা পৌরসভায় ৫০০ জন, হালুয়াঘাট পৌরসভায় ৪০০ জন সর্বমোট ময়মনসিংহ জেলায় উপকারভোগীর সংখ্যা ৭১০০ জন। ৪২০২ জন উপকারভোগীকে অক্টোবর ২০২০ হতে ডিসেম্বর ২০২০ খ্রি. মাস পর্যন্ত ৩ মাসের জন প্রতি ২৪০০/- ( দুই হাজার চারশত) টাকা করে G2 pay মাধ্যমে প্রদান করা হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরের নতুন ৫,২৩০ জন জনের তালিকা চূড়ান্ত করে ডাটাএন্ট্রি প্রায় সম্পন্ন হয়েছে।

সুপারিশ: নতুন সকল ভাতাভোগীদের ডাটাএন্ট্রি দ্রুত সম্পন্ন করতে হবে এবং ডাটাএন্ট্রিকৃত সকল ভাতাভোগী স্ব-স্ব নামে ব্যাংক হিসাবে ভাতার অর্থ G2P মাধ্যমে প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৬। মা ও শিশু সহায়তা কর্মসূচিঃ

মা ও শিশু সহায়তা কর্মসূচি'র আওতায় ৩ বছর মেয়াদী জুলাই ২০২১ থেকে প্রতিমাসে ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকা থেকে সর্বোচ্চ ৪৯ জন করে এবং ময়মনসিংহ সদর উপজেলার সকল (১১টি) ইউনিয়নে ইউনিয়ন প্রতিমাসে সর্বোচ্চ ২৫ জন করে উপকারভোগী নির্বাচন করার জন্য বরাদ্দ দেয়া করা হয়েছে। এ কর্মসূচির উপকারভোগী নির্বাচন কার্যক্রম চলমান।

সুপারিশ: নতুন উপকারভোগী নির্বাচ দ্রুত সম্পন্ন করতে হবে

০৭। মহিলাদের আত্ন-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম :

মহিলাদের আত্ন-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় ময়মনসিংহ জেলায় ৪৯৭০ জন দুঃস্থ মহিলাকে ৪,১০,৮৮,৫৫৯/- ( চার কোটি দশ লক্ষ আটাশি হাজার পাঁচশত) টাকা ঋণ প্রদান করা হয়েছে আদায়কৃত ঋণের পরিমাণ ২,৮১,৯০,৮১৭/- (দুই কোটি একাশি লক্ষ নব্বই হাজার আটশত সতের) টাকা মাত্র। আদায়ের হার ৬৮.৬১%। মাঠ পর্যায়ে অনাদায়ী রয়েছে ১,২৮,৯৭,৭৪২/-(এক কোটি আটাশ লক্ষ সাতানব্বই হাজার সাতশত বিয়াল্লিশ) টাকা মাত্র।

সুপারিশ: অনাদায়ী ঋণ আদায়ের কার্যক্রম জোরদার করতে হবে।

০৮.নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ ও বাল্য বিবাহ নিরোধ সংক্রান্ত :

ময়মনসিংহ জেলায় নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ এবং বাল্য বিবাহ নিরোধে উঠান বৈঠক ও আলোচনা সভা অব্যাহত আছে । প্রতিবেদন অনুসারে জেলা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের মাধ্যমে ২০২০-২০২১ অর্থ বছরের প্রথম ৬ মাসে উঠান বৈঠক হয়েছে ২৮৭টি উপকারভোগীর সংখ্যা ৯৩০২ জন । জানুয়ারী ২০২১ হতে অক্টোবর ২০২১ পর্যন্ত বাল্য বিবাহ বন্ধ করা হয়েছে ৩০টি।

সুপারিশ: নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ এবং বাল্য বিবাহ নিরোধে উঠান বৈঠক ও আলোচনা সভা অব্যাহত রাখতে হবে।

০৯. জেলা ও উপজেলা পর্যায়ে মহিলাদের প্রশিক্ষণঃ

ময়মনসিংহ জেলায় জেলা পর্যায়ে জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ০৫টি ট্রেড রয়েছে। যথা –আধুনিক দর্জি বিজ্ঞান ও এমব্রয়ডারী, শো-পিচ তৈরী, খাদ্যদব্য প্রক্রিয়াজাতকরণ, বিউটিফিকেশন এবং ব্লকবাটি ও মোমাবাতি তৈরি। প্রতি ট্রেডে ২০ জন করে মোট ১০০ জন প্রশিক্ষণার্থী ভর্তি করা হয়েছে। তাদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। উক্ত ট্রেড সমূহের প্রশিক্ষণ ক্লাস পরিদর্শনে দেখা গেল প্রশিক্ষনার্থীদের উপস্থিতির হার সন্তোষজনক। নান্দাইল উপজেলায় আধুনিক দর্জি বিজ্ঞান ট্রেডে ৩০ জন করে ০৩ মাস মেয়াদে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।

এছাড়া আইজিএ প্রকল্পের আওতায় প্রত্যেক উপজেলায় সেপ্টেম্বর/২১ পর্যন্ত প্রশিক্ষণ হয়েছে, অক্টোবর ২০২১ হতে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। বিভাগীয় পর্যায়ে মটর ড্রাইভিং প্রশিক্ষণ পরিদর্শন করি। প্রশিক্ষন কার্যক্রম সন্তোষজনক। যুগের সাথে তালমিলিয়ে নারীরা এগিয়ে চলছে।

সুপারিশ: প্রশিক্ষণ কাযক্রমের মনিটরিং জোরদার করতে হবে। বিভাগীয় পর্যায়ে মটর ড্রাইভিং প্রশিক্ষণের প্রয়োজনীয়তা রয়েছে।

১০. সেলাই মেশিন সংক্রান্তঃ

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় হতে মাননীয় সংসদ সদস্যদের নামে বরাদ্দকৃত সেলাই মেশিন উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, ময়মনসিংহ বিতরণ করা হয়। ২০২০-২০২১ অর্থ বছরে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় থেকে মাননীয় সংসদ সদস্যদের নামে বরাদ্দকৃত ৮৮টি সেলাই মেশিন পাওয়া গেছে। মেশিন বিতরণ চলমান। ৮ আগস্ট বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা এর ৯১ তম জন্ম বার্ষিকী উদযাপন উপলক্ষে ৯৬টি সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।

সুপারিশ: বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা এর ৯১ তম জন্ম বার্ষিকী উদযাপন উপলক্ষে বিতরণকৃত ৯৬টি সেলাই মেশিন সমন্বয়সহ নতুন বরাদ্দ প্রয়োজন।

১১. স্বেচ্ছাসেবী মহিলা সমিতি সমূহ:

ময়মনসিংহ জেলায় মোট নিবন্ধিত স্বেচ্ছাসেবী মহিলা সমিতির সংখ্যা ৩৭৮টি। তাদের মধ্যে হতে ২০১৯-২০২০ অর্থ বছরে ১৮১টির মধ্যে ৬৯টি সমিতির অনুকুলে ২১,৩০,০০০/- (একুশ লক্ষ ত্রিশ হাজার) টাকা অনুদান প্রদান করা হয়েছে।

সুপারিশ: স্বেচ্ছাসেবী মহিলা সমিতি সমূহের কার্যক্রম পরিবীক্ষণ করতে হবে এবং সমিতিসমূহের উৎপাদিত পন্য সেলস সেন্টারে বিক্রির ব্যবস্থা করতে হবে।

১২. শিশু দিবাযত্ম কেন্দ্র, ময়মনসিংহ :

শিশু দিবাযত্ন কেন্দ্রটি নিম্নবিত্ত পরিবারের সন্তানদের জন্য মর্মে জানা গেল। কেন্দ্রটির আসন সংখ্যা ৮০। কোভিড-১৯ পরিস্থিতিতে শিশু ভর্তি কার্যক্রম স্থগিত রয়েছে। কেন্দ্রের দাপ্তরিক কাজের জন্য ০১টি কম্পিউটার প্রয়োজন। তাছাড়া আইপিএস না থাকায় বিদ্যুৎ চলে গেলে শিশুদের খুব অসুবিধা হয়।

সুপারিশঃ শিশু দিবাযত্ম কেন্দ্রের জন্য ০১টি কম্পিউটার এবং আইপিএস সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এর দৃষ্টি আকর্ষণ করা হলো।

১৩. মুজিব কর্ণার:

উপপরিচালকের কার্যালয়ের মুজিব কর্ণার পরিদর্শন করি। মুজিব শতবর্ষ উপলক্ষে মুজিব কর্ণার এবং বঙ্গবন্ধুর আত্মজীবনী ও বানী সম্বলিত দেয়াল লিখনটি মুজিব কর্ণারকে আরও সুন্দর ও আকর্ষনীয় করে তুলছে। মুজিব কর্ণারে বঙ্গবন্ধুর জীবনী গ্রন্থ রাখার জন্য পরামর্শ দেয়া হয়।

১৪. সেলস সেন্টার :

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়ের আওতায় মহিলা বিষয়ক অধিদপ্তর পরিচালিত উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ষক (আইজিএ) প্রশিক্ষন প্রকল্পের আওতায় ময়মনসিংহ জেলার জেলা পর্যায়ে সেলস ও ডিসপ্লে সেন্টার এর শুভ উদ্বোধন করেন।

সুপারিশ: সেলস ও ডিসপ্লে সেন্টার এর মাধ্যমে নারী উদ্যোক্তাদের উৎপাদিত পন্য বিক্রির মাধ্যমে নারীরা স্বাবলম্বী হবে এবং নারী উন্নায়ন কার্যক্রম ত্বরান্নিত হবে।

১৫. বহুমুখী পাটজাত পণ্য উৎপাদন কর্মসূচি:

নতুন নারী উদ্যোক্তা সৃজন ও আত্নকর্মসংস্থানের লক্ষে বহুমুখী পাটজাত পণ্য উৎপাদন কর্মসূচি আওতায় ১০দিন ব্যপি প্রশিক্ষণ কার্যক্রম উদ্বোধন, উৎপাদিত পন্যের মিনি মেলার স্টল পরিদর্শন ও সনদপত্র বিতরন করেন।

সুপারিশ: নারীদের উৎপাদিত পন্যগুলো বিভিন্ন অনলাইন প্লাটফর্মে – স্বদেশী উদ্যোক্তা, উই, লাল-সবুজ ডট কম এ দেয়ার সুপারিশ করেন।

সার্বিক মন্তব্য:

উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর ময়মনসিংহ এর প্রশাসনিক ও প্রশিক্ষণ কার্যক্রম সন্তোষজনক। তবে প্রশিক্ষণ ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম মনিটরিং জোরদার করার জন্য উপপরিচালককে পরামর্শ দেয়া হলো।

(রাম চন্দ্র দাস)
মহাপরিচালক (গ্রেড-১)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা